

## এমপিওভুক্তির দাবিতে অনশন করছেন সহকারী গ্রন্থাগারিকরা

নিজস্ব প্রতিবেদক >

এমপিওভুক্তির দাবিতে অনশন করেছেন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের সহকারী গ্রন্থাগারিকরা। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ সহকারী গ্রন্থাগারিক সমিতির ব্যানারে এ অনশন করেন তারা। আজ বুধবার সকাল থেকে আবারও অনশনে বসার ঘোষণা দিয়েছেন গ্রন্থাগারিকরা।

সংগঠনের সভাপতি জাহিদ হোসেন বলেন, 'সারা দেশে প্রায় দুই হাজার সহকারী গ্রন্থাগারিক এমপিওভুক্তির অপেক্ষায় রয়েছে। ২০১৩ সালের ২২ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয় থেকে সহকারী গ্রন্থাগারিকদের বিষয়ে একটি পরিপত্র জারি করা হয়। সেখানে বলা হয়, ২০১৩ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত নিয়োগপ্রাপ্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন পৌঁছেছে তারাই শুধু এমপিওভুক্তির জন্য বিবেচিত হবেন। অথচ আমরা নির্দিষ্ট সময়ের আগেই নিয়োগ পেয়েছি। কিন্তু নানা কারণে আমাদের আবেদন যথাস্থানে পৌঁছেনি। তাই এখনো আমরা এমপিওভুক্তি পাচ্ছি না।'

গ্রন্থাগারিকরা অবিলম্বে মন্ত্রণালয়ের পরিপত্র বাতিল করে এমপিওভুক্তি পেতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন। অনশনে আরো উপস্থিত ছিলেন সংগঠনের মহাসচিব আশীষ কুমার সিকদার, শাহাদাত হোসেন, বিজয় রায় প্রমুখ।